ভারতে বসবাসকারীগণের সেভিংস ব্যাঙ্ক একাউন্ট – যুগা্ম– ধারক – উদারীকরণ

আরবিআই/২০১১- ১২/১৭৩ এ.পি.(ডিআইআর সিরিজ)সার্কুলার নং১২

সেপ্টেম্বর ১৫, ২০১১

প্রতি

বৈদেশিক মুদ্রায় ব্যবসা করার জন্য অনুমোদিত সমস্ত ব্যাঙ্ক মহাশয়া / মহাশয়,

ভারতে বসবাসকারীগণের সেভিংস ব্যাঙ্ক একাউন্ট – যুগা্ব– ধারক – উদারীকরণ

সমস্ত প্রাধিকৃত ডিলার(এ ডি) ব্যাঙ্কগুলির দৃষ্টি <u>মে ৩, ২০০০ তারিখের ফেমা বিজ্ঞপ্তি নং.৫</u>- এর নিয়মাবলি ২(৬)- এর প্রতি আকৃষ্ট করা হচ্ছে যার অনুসারে অনাবাসী ভারতীয় (এনআরআই) বলতে বোঝায় ভারতের বাইরে বসবাসকারী ভারতীয় নাগরিক অথবা যাঁর জন্ম ভারতে।

- ২. বৈদেশিক মুদ্রা পরিচালন আইন, ১৯৯৯- এর অধীন ব্যক্তিবিশেষদের সুবিধাসমূহ পর্যালোচনা করার জন্য গঠিত সমিতি তাদের প্রতিবেদনে সুপারিশ করেছেন যে বসবাসকারী ব্যক্তিবিশেষ তাঁর দেশের ব্যাঙ্ক একাউন্টে অনাবাসী নিকট আত্মীয়/আত্মীয়দের(কোম্পানি আইন, ১৯৫৬ অনুযায়ী সংজ্ঞায়িত আত্মীয়) যুগ্ম একাউন্টধারক হিসেবে অন্তর্ভুক্ত করতে পারেন।
- ৩. পর্যালোচনা করে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ভারতে বসবাসকারী কোনও ব্যক্তিকে তাঁর দেশের ব্যাঙ্ক একাউন্টে যুগা- ধারক হিসেবে অনাবাসী নিকট আত্মীয়/আত্মীয়দের (কোম্পানি আইন, ১৯৫৬- র উপধারা ৬ দ্বারা সংজ্ঞায়িত আত্মীয়) 'পূর্ববর্তী অথবা উত্তরজীবী' ভিত্তিতে অন্তর্ভুক্ত করার অনুমতি দেওয়া যেতে পারে। যদিও, বসবাসকারীর জীবিত থাকা কালে এই একাউন্ট পরিচালন করার অধিকার এই ধরনের অনাবাসী ভারতীয় নিকট আত্মীয়গণের থাকবে না।
- ৪. এডি ব্যাঙ্কণণ এই সার্কুলারের বিষয়বস্তু তাঁদের সহযোগী / গ্রাহকদের নজরে আনতে পারেন।
- ৫. এই সার্কুলারে অন্তর্গত নির্দেশগুলি বৈদেশিক মুদ্রা পরিচালন আইন, ১৯৯৯(১৯৯৯- এর ৪২)- এর উপধারা ১০(৪) এবং ১১(১)- এর অধীন জারি করা হয়েছে এবং এগুলি অন্য কোনও আইনের অধীনে প্রয়োজনের ক্ষেত্রে প্রদন্ত অনুমতি/অনুমোদনসমূহের প্রতি পক্ষপাতহীন।

আপনার বিশ্বস্ত (মিনা হেমচন্দ্র) দায়িত্বপ্রাপ্ত মুখ্য মহাপ্রবন্ধক